

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
সদর, হবিগঞ্জ।

স্মারক নং- ৪৪.০৩.৩৬৪৪.০০৩.০৬.০৪১.২৪-১৭

তারিখ- ২৮.০২.২০২৪ খ্রি.

অফিস আদেশ

এতদ্বারা হবিগঞ্জ জেলাধীন সদর উপজেলার আওতাধীন সকল ভাতাভোগী সদস্য/সদস্যাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, হবিগঞ্জ-এর স্মারক নং- ৪৪.০৩.৬০৩৬.০০২.৩১.০০১.২৩-৫৭৭; তারিখ- ১৯.০২.২০২৪ খ্রি. মূলে ০৬.০৩.২০২৪ খ্রি. তারিখ হতে ২৬.০৩.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জেলা কমান্ড্যান্টের কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, হবিগঞ্জ-এ অনুষ্ঠিত “অম্মসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ৭ম ধাপ (পুরুষ)” প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণের লক্ষ্যে আগামী ০৩.০৩.২০২৪ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অত্র দপ্তরে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উল্লিখিত সময়ে সকল সদস্য/সদস্যাদেরকে কমপক্ষে ০১ (এক) জন প্রশিক্ষণার্থী ও নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রশিক্ষণার্থী বাছাইয়ের যোগ্যতা :

১. উপজেলার প্রতি ইউনিয়ন এবং পৌরসভার প্রতি ওয়ার্ড হতে প্রশিক্ষণার্থী বাছাই করতে হবে।
২. স্বেচ্ছাসেবায় আগ্রহী হতে হবে।
৩. এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
৪. সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা যাবে না।
৫. স্থানীয় চেয়ারম্যান/ কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র নিতে হবে।
৬. যারা গ্রামে স্থায়ীভাবে বসবাস করে এবং নিজ এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা করেছে তাদেরকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করতে হবে।
৭. জাতীয় পরিচয়পত্রধারী হতে হবে।
৮. ভিডিপি প্লাটুনভুক্ত সদস্য হতে হবে। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি পাশ হতে হবে। উচ্চতা সর্বনম্ন ৫'৪" (অধিক উচ্চতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দিতে হবে)। বয়স ১৮ হতে ৩০ বছর এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।



২৮.০২.২০২৪

খালেদ আহমদ

বিএডি-২১০০০১১২২

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
সদর, হবিগঞ্জ।

তারিখ- ২৮.০২.২০২৪ খ্রি.

স্মারক নং- ৪৪.০৩.৩৬৪৪.০০৩.০৬.০৪১.২৪-১৭

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

০১. জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, হবিগঞ্জ।
০২. জনাব।
.....।
ইউনিয়ন, সদর, হবিগঞ্জ।
০৩. অফিস কপি।



২৮.০২.২০২৪

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
সদর, হবিগঞ্জ।

